"ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট।"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
প্রশাসন ইউনিট (মনিটরিং শাখা)
০৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং: ৫৯.১১.০০০০.১৫৭.১৬.১২২ (অংশ-৫).২৩ - ২৮৮১

তারিখ: ১৬ই আষাঢ় ১৪৩১ / ৩০/০৬/২০২৪

বিষয়: আওতাধীন কার্যালয়সমূহ কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কার্যক্রম বিষয়ক ৪র্থ ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক সভার কার্যবিবরণী।

সভাপতি : আ ন ম আল ফিরোজ, মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর
সভার তারিখ ও সময় : ২৪.০৬.২০২৪খ্রি:, বেলা: ১২.০০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ বর্ণমালা'৫২ (৬ষ্ঠ তলা)

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা করার লক্ষ্যে ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয়। এরই ধারাবাহিকতায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় সম্পাদিত কাজের বিপরীতে নম্বর প্রদান ও সে আলোকে মূল্যায়নের ব্যবস্থা রয়েছে। এরপর তিনি পরিচালক (প্রশাসন)-কে কার্যপত্র অনুযায়ী সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | নৈতিকতা কমিটির সভা আয়োজন | আওতাধীন কার্যালয়সমূহের নৈতিকতা কমিটির সভা আয়োজন বিষয়ক অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়।<br>ঢাকা ও ময়মনসিংহ বিভাগ কর্তৃক ৩০, জুন, ২৪ মাসের মধ্যে ৪র্থ সভা আয়োজন করতে হবে বলে সভায় অবহিত করা হয়।<br>অন্য কার্যালয়সমূহ কর্তৃক সভা আয়োজন করা হয়েছে।<br>সভার নোটিশ, হাজিরা শিট ও কার্যবিবরণী প্রমানক হিসেবে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | ১। ঢাকা ও ময়মনসিংহ বিভাগ কর্তৃক ৩০ জুন, ২৪ মাসের মধ্যে নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে হবে।<br>২। সভার নোটিশ, হাজিরা শিট ও কার্যবিবরণী প্রমানক হিসেবে বার্ষিক প্রতিবেদনের সাথে বই আকারে বাঁধাইপূর্বক প্রেরণ করতে হবে। | পরিচালক সকল বিভাগ/০৩টি বিশেষায়িত হাসপাতাল/কেন্দ্রীয় পণ্যাগার |
| ২. | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | ঢাকা, সিলেট ও ময়মনসিংহ বিভাগ কর্তৃক সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ২য় সভা আয়োজন ৩০ জুন, ২০২৪ এর মধ্যে আয়োজন করতে হবে মর্মে সভায় উপস্থাপন করা হয়। | ১। ৩০ জুন, ২০২৪ এর মধ্যে ঢাকা, সিলেট ও ময়মনসিংহ বিভাগ কর্তৃক সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ২য় সভা আবশ্যিকভাবে আয়োজন করতে হবে।<br>২। সভার রেকর্ড নোটস ও হাজিরা প্রমানক হিসেবে বার্ষিক প্রতিবেদনের সাথে বই আকারে বাঁধাইপূর্বক প্রেরণ করতে হবে। | পরিচালক সকল বিভাগ/০৩টি বিশেষায়িত হাসপাতাল/কেন্দ্রীয় পণ্যাগার |
| ৩. | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভার আয়োজন | সভায় জানানো হয় যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন সকল কার্যালয়সমূহ মতবিনিময় সভা আয়োজন করেছেন। | সভার নোটিশ, হাজিরা শিট ও কার্যবিবরণী প্রমানক হিসেবে বার্ষিক প্রতিবেদনের সাথে বই আকারে বাঁধাইপূর্বক প্রেরণ করতে হবে। | পরিচালক সকল বিভাগ/০৩টি বিশেষায়িত হাসপাতাল/কেন্দ্রীয় পণ্যাগার |

| ক্রম. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৪. | কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ /পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা/প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি) | কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত অগ্রগতি পর্যালোচনায় সভায় উপস্থাপন করা হয় যে, কার্যালয়সমূহ ২০২৩-২৪ অর্থবছরে কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করেছে।<br>কার্যক্রম এর নাম ও বাস্তবায়নের প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত নির্দেশিকা অনুযায়ী নির্ধারিত ছকে দাখিল করার বিষয়ে আলোচনা করা হয়। | সকল কার্যালয়সমূহ কর্তৃক গৃহীত কার্যক্রম এর নাম ও বাস্তবায়নের প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশিকা অনুযায়ী নির্ধারিত ছকে বার্ষিক প্রতিবেদনের সাথে বই আকারে বাঁধাইপূর্বক প্রেরণ করতে হবে। | পরিচালক সকলবিভাগ/০৩টি বিশেষায়িতহাসপাতাল/কেন্দ্রীয় পণ্যাগার |
| ৫. | ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত নির্দেশিকা অনুযায়ী সকল কার্যালয়কে ৩১/০৭/২০২৩ তারিখের মধ্যে ক্রয়-পরিকল্পনা প্রণয়নপূর্বক ওয়েবসাইটে প্রকাশ এর লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল মর্মে সভায় উপস্থাপন করা হয়।<br>সভায় জানানো হয় যে, রাজশাহী বিভাগ নির্ধারিত সময়ের মধ্যে ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করেছেন।<br>অন্যান্য কার্যালয়সমূহ কর্তৃক এ লক্ষ্যমাত্রা বাস্তবায়ন সম্ভব হয়নি। | ২০২৪-২৫ অর্থবছরে সকল কার্যালয়ের ক্রয় পরিকল্পনা ৩১/০৭/২০২৪ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | পরিচালক সকল বিভাগ/ ০৩টি বিশেষায়িত হাসপাতাল/কেন্দ্রীয় পণ্যাগার |
| ৬. | সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ | সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ বিষয়ে আলোচনায় সভায় জানানো হয় যে, সকল কার্যালয় রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত নিয়মিত সংরক্ষণ করছেন। | রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত নিয়মিত সংরক্ষণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রমাণক প্রেরণ করতে হবে। | পরিচালক সকল বিভাগ/০৩টি বিশেষায়িত হাসপাতাল/কেন্দ্রীয় পণ্যাগার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/৬/২৪

(আ ন ম আল ফিরোজ)
মহাপরিচালক
ফোন: ৫৫০১২৩৪১
ইমেইল:dg@dgfp.gov.bd

নম্বর-৫৯.১১.০০০০.১৫৭.১৬.১২২(অংশ-৫).২৩-২৬৬১

তারিখ: ১৬ই আষাঢ় ১৪৩০ / ৩০/০৬/ ২০২৪

D:\Suddhachar 23-24\4th Feedback minutes.rtf

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক, পরিবার পরিকল্পনা, ------------------------------ বিভাগ (সকল)।

২। পরিচালক, এমএফএসটিসি/এমসিএইচটিআই, মোহাম্মদপুর/আজিমপুর/মিরপুর, ঢাকা।

৩। অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস), কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা।

৪। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

(মোঃ আসিব আহসান)
যুগ্মসচিব
ও
পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫০১২৩৪২
ইমেইল:diradmin@dgfp.gov.bd